

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
পরিকল্পনা ইউনিট
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৭/০১/১৪৩৩ বঙ্গাব্দ

নং-১০.১১৭.০১৪.০০.০০.৯৩.২০১১ (পার্ট-১)-২৭৮

তাং: -----


২২/০৪/২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: জাতীয় রুফটপ সোলার কর্মসূচির প্রস্তাব প্রেরণ প্রসংগে।

সূত্র: বিদ্যুৎ বিভাগের পত্র নং-২৭.০০.০০০০.০০০.০৯৬.১৪.০০০৩.২৫ (অংশ).৭৪, তারিখ: ০৫/০৪/২০২৬ ইং।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় রুফটপ সোলার কর্মসূচী চলমান রয়েছে। এ কর্মসূচীর অন্যতম লক্ষ্য হলো সৌরশক্তির মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন করে তা জাতীয় গ্রীডে সরবরাহ করা। এ কর্মসূচী বাস্তবায়নের জন্য ইতোপূর্বে সকল মন্ত্রণালয় বিভাগকে অনুরোধ করা হয়েছে। সে অনুযায়ী সূত্রোক্ত পত্রে মন্ত্রণালয় ও বিভাগসমূহকে তাদের অধীনস্থ দপ্তরসমূহের নিজস্ব ভবনে সোলার প্যানেল স্থাপনের বিষয়ে প্রাক্কলন প্রেরণের অনুরোধ করা হয়। বিদ্যুৎ বিভাগ কর্তৃক আয়োজিত বিগত ৩১ আগস্ট ২০২৫ ইং তারিখে জাতীয় রুফটপ কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে তার দপ্তর আওতাধীন বিদ্যমান ভবনে সোলার সিস্টেম স্থাপন করা আবশ্যিক।

এমতাবস্থায়, আইন ও বিচার বিভাগের আওতায় অধিদপ্তর/পরিদপ্তর এবং অন্যান্য প্রতিষ্ঠানে সোলার সিস্টেম আছে কিনা তার তথ্য এবং সোলার প্যানেল না থাকলে প্যানেল স্থাপনের প্রাক্কলন প্রেরণের জন্য অনুরোধ করা হলো। সোলার সিস্টেম প্রাক্কলন নির্ধারণ গাইড লাইন জাতীয় রুফটপ সোলার কর্মসূচীতে বর্ণনা করা রয়েছে।



২২.০৪.২০২৬
(মোহাম্মদ মেহেদী হাসান)
যুগ্মসচিব (পরিকল্পনা)
ফোন: ৫৫১০১৩১২

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ০১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ০২। মহাপরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ১৪ আবদুল গণি রোড, ঢাকা।
- ০৩। জেলা ও দায়রা জজ, (সকল জেলা)।
- ০৪। মহানগর দায়রা জজ, (সকল জেলা)।
- ০৫। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, (সকল জেলা)।
- ০৬। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, (সকল জেলা)।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, (সকল জেলা)।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ০১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, ঢাকা।